

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা: কারিগরি-১
www.moedu.gov.bd

নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.১২.০৫৯.২০১৬ - ২৬৫

তারিখঃ ১৭ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ
০২ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

পরিপত্র

সরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন আঞ্চলিক অফিস, বিভিন্ন প্রতিষ্ঠানের পুরাতন জরাজীর্ণ ভবন/যানবাহন মালামাল নিলামে বিক্রয়/অকেজো ঘোষণার নিমিত্তে নিম্নবর্ণিত স্থানীয় কনডেমনেশন কমিটি গঠন করা হলো :

স্থানীয় কনডেমনেশন কমিটি :

১) জেলা প্রশাসক	সভাপতি
২) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৩) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	সদস্য
৪) সরকারি মটরযান পরিদর্শক (কেবল যানবাহনের ক্ষেত্রে)	সদস্য
৫) সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৬) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/আঞ্চলিক উপ পরিচালক/প্রধান শিক্ষক/জেলা শিক্ষা অফিসার	সদস্য-সচিব।

কার্য পরিধিঃ

- ১। স্থানীয় কনডেমনেশন কমিটির সভাপতি প্রস্তাব প্রাপ্তির পর প্রস্তাবিত ভবন/মালামাল/মটরযান সরেজমিনে যাচাই-পূর্বক প্রাথমিক বিক্রয় মূল্যসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে (ভবন ও মালামালের ক্ষেত্রে)/সরকারি মটরযান পরিদর্শককে(যানবাহনের ক্ষেত্রে) প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
- ২। নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর অথবা সরকারি মটরযান পরিদর্শক এর প্রতিবেদন প্রাপ্তির পর স্থানীয় কনডেমনেশন কমিটিতে প্রস্তাবটি উপস্থাপন করা হবে।
- ৩। স্থানীয় কনডেমনেশন কমিটি নিলামের প্রস্তাব ও প্রাথমিক বিক্রয় মূল্য যাচাই-বাছাই করে নিলামে বিক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ করবে।
- ৪। স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান উক্ত রূপ অকেজো ঘোষণার প্রস্তাব অনুমোদনের জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন।
- ৫। অকেজো ঘোষণার প্রস্তাব কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট দপ্তরের প্রধান যাবতীয় ভবন ও মালামালের সংখ্যা এবং ভবন ও মালামালের হালনাগাদ অবস্থা উল্লেখ করে নিলামে বিক্রয়ের জন্য বিজ্ঞাপ্তি প্রচার করবেন। এ ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।
- ৬। (ক) যদি ভবন/মালামালের প্রাথমিক বিক্রয় মূল্য/প্রাক্কলিত মূল্য এক লক্ষ টাকার কম হয়, তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস ও জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।


(খ) এক লক্ষ টাকার বেশি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েব সাইটে, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের ওয়েবসাইটে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে;

পূর্ব পৃষ্ঠার পরঃ

৭। বিজ্ঞপ্তি প্রচারের পর নিলামের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

৮। (ক) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার কম হলে, স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট দপ্তর প্রধান অব্যবহৃত ভবন/মালামাল বিক্রয় করতে পারবেন।

(খ) নিলামে প্রাপ্ত মূল্য এক লক্ষ টাকার বেশি হলে উক্ত নিলাম মূল্য সংশ্লিষ্ট দপ্তর ও কনডেমনেশন কমিটির সুপারিশসহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের অনুমোদনের পর সংশ্লিষ্ট দপ্তর প্রধান ভবন/মালামাল/যানবাহন বিক্রয় করতে পারবে।


০২.১০.১৭
(মোঃ আব্দুল্লাহ)
উপ সচিব
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

বিতরণঃ

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৫) সরকারি মটরযান পরিদর্শক (সকল) (কেবল যানবাহনের ক্ষেত্রে)
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ৭) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/আঞ্চলিক উপ পরিচালক/প্রধান শিক্ষক/জেলা শিক্ষা অফিসার (প্রস্তাব দানকারী অফিস-এর প্রধান)

অনুলিপিঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত-সচিব (কারিগরি অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।